

# THE BENGAL LIBRARY ASSOCIATION

## বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ



General Office & Library: P-134, C.I.T. Scheme-52, Kolkata-700 014

তাং: ২৭.০৫.২০২৬

### পুরুলিয়া জেলা শাখা

#### বিজ্ঞপ্তি

আগামী ১৪ জুন, ২০২৬ (রবিবার) বেলা ১১-০০টায় পুরুলিয়া জেলার বংশীধর হিন্দী প্রাথমিক বিদ্যালয়, বলরামপুর (দেবীপ্রসাদ মেমোরিয়াল লাইব্রেরির সন্নিহিতে)-এ বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের পুরুলিয়া জেলা শাখার বার্ষিক সাধারণ সভা (২০২৬-২০২৭ বর্ষ) অনুষ্ঠিত হবে। উক্ত সভায় বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের পুরুলিয়া জেলা শাখার সদস্যদের উপস্থিত থাকতে অনুরোধ করা হচ্ছে।

আলোচ্য বিষয়ঃ

- ১। পূর্বতন সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
- ২। পরিষদের জেলা শাখার ২০২৬-২০২৮ বর্ষের কার্যকরী সমিতি ও কর্মকর্তা নির্বাচন
- ৩। বিবিধ

নমস্কারান্তে,

জয়দীপ চন্দ

(ড. জয়দীপ চন্দ)

কর্মসচিব

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ



# THE BENGAL LIBRARY ASSOCIATION

## বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ



General Office & Library: P-134, C.I.T. Scheme-52, Kolkata-700 014

**পথনির্দেশঃ** সাধারণ সভার স্থান বংশীধর হিন্দি প্রাথমিক বিদ্যালয়, টাটা রোড, বলরামপুর, পোস্ট - রাঙাডি, ব্লক - বলরামপুর, জেলা - পুরুলিয়া, পিন-৭২৩১৪৩। পুরুলিয়া বাস স্ট্যান্ড বলরামপুরগামী বাসে বলরামপুর বাস স্ট্যান্ডে নেমে হেঁটে বা টোটোতে সভাস্থলে পৌঁছতে হবে বা বরাভূম স্টেশন থেকে টোটো ধরে সভাস্থলে পৌঁছানো যাবে।

**অন্যান্য তথ্যঃ** ১ জন সভাপতি, ২ জন সহ-সভাপতি, ১ জন জেলা সম্পাদক, ১ জন সহ-সম্পাদক, ১ জন কোষাধ্যক্ষ, ৫ জন ব্যক্তিগত সদস্য এবং ১ জন প্রাতিষ্ঠানিক সদস্য এই সাধারণ সভা থেকে নির্বাচিত হবে। **বৈধ প্রার্থী ও ভোটদানের অধিকারী হতে গেলে পরিষদের চাঁদা পরিশোধ থাকা চাই এবং ন্যূনতম একবছর মেয়াদী সদস্যপদ থাকা চাই।** মনোনয়নপত্র বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের কেন্দ্রীয় কার্যালয় (পদ্মপুকুর, কলকাতা-৭০০০১৪) থেকে আগামী ২৯.০৫.২০২৬ - ০৬.০৬.২০২৬ তারিখের মধ্যে দুপুর ২টো থেকে সন্ধ্যে ৭টা পর্যন্ত (রবিবার ও ছুটির দিন বাদে) এবং ওই একই তারিখের মধ্যে কান্টাডি শিক্ষাসত্র উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে (গ্রাম+পোস্ট - কান্টাডি, জেলা-পুরুলিয়া, পিন-৭২৩১০১, দূরভাষঃ ৮৬১৭৮৭৯৯৯৫) সকাল ১০.৩০ থেকে দুপুর ১.৩০-এর মধ্যে ইচ্ছুক বৈধ সদস্যদের হাতে তুলে দেওয়া হবে। যথাযথভাবে পূরণ করা মনোনয়নপত্র একজন প্রস্তাবকের স্বাক্ষর সহ আগামী ০৬.০৬.২০২৬ তারিখের মধ্যে পরিষদের কেন্দ্রীয় কার্যালয়ে সন্ধ্যে ৭টার মধ্যে বা কান্টাডি শিক্ষাসত্র উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে সকাল ১০.৩০ থেকে দুপুর ১.৩০-এর মধ্যে জমা দিতে হবে। প্রস্তাবককে অবশ্যই পরিষদের বৈধ সদস্য হতে হবে। মনোনয়নপত্র পরীক্ষা হবে পরিষদের কেন্দ্রীয় কার্যালয়ে আগামী ০৯ জুন, ২০২৬ তারিখে বিকেল ৪টার সময়ে। মনোনয়নপত্র প্রত্যাহারের তারিখ আগামী ১০ জুন, ২০২৬ তারিখ বিকাল ৫টার মধ্যে ও চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ আগামী ১০ জুন, ২০২৬ তারিখে রাত ৮টায়। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে আগামী ১০ জুন, ২০২৬ তারিখে। বার্ষিক সাধারণ সভায় যোগদান এবং ভোটদানে ইচ্ছুক মেয়াদ উত্তীর্ণ সদস্যদের অবশ্যই আগামী ০৬ জুন, ২০২৬ তারিখের মধ্যে পরিষদের সদস্যপদ পুনর্নবীকরণ করতে হবে। বার্ষিক সাধারণ সভায় যোগদানের জন্য ইচ্ছুক প্রতিনিধিদের ২০০.০০ টাকা করে প্রতিনিধি ফি দিতে হবে। বার্ষিক সাধারণ সভার দিনে সভাস্থলে পরিষদের নতুন সদস্যপদ গ্রহণ ও সদস্যপদ নবীকরণ করা যাবে। এক্ষেত্রে দেয় চাঁদার পরিমাণঃ ব্যক্তিগত সদস্য → ১৫০.০০ টাকা জনপ্রতি; আজীবন সদস্য → ২০০০.০০ টাকা জনপ্রতি এবং প্রাতিষ্ঠানিক সদস্য → ৩০০.০০ টাকা প্রতিষ্ঠানপ্রতি। দুই বছরের জন্য সদস্যপদ নবীকরণ করা যাবে। তবে বার্ষিক সাধারণ সভার দিনে সদস্যপদ নবীকরণ করলেও ভোটদানের ক্ষেত্রে তা ধার্য হবে না। বার্ষিক সাধারণ সভায় যোগদানের জন্য এই জেলার প্রত্যেক সদস্যকে পরিষদের পক্ষ থেকে সনির্বন্ধ অনুরোধ করা হচ্ছে।